

আবু সিদ্দিক আলিপুরদুয়ার জেলার ফালাকাটা কলেজে ইংরেজি বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে ২০১০ সালে যোগদান করেন। বর্তমানে নদীয়ার পলাশী কলেজে কর্মরত মূলত পিছিয়ে পড়া গরিব সাধারণ মানুষের সুখ-দুঃখ, জীবনবাস্তবতা ও জীবনযন্ত্রণা তার সৃষ্টিতে পরিস্ফুট। গতানুগতিক ভদ্রবৃত্তের সাহিত্য, শিল্প বা রাজনীতিতে তার একেবারেই আস্থা নেই। স্রোতের বিপরীতে ইংরেজি ও বাংলা দুটি ভাষাতেই প্রবন্ধ, ছোট গল্প, কবিতা লিখতে ভালবাসেন। প্রকাশিত গ্রন্থের সংখ্যা ১২। সম্পাদনা করেন অনলাইন পোর্টাল https://chetona.org/। আরও বিশদে জানতে লেখকের ব্যক্তিগত ওয়েবসাইট www.abusiddik.com ভিজিট করতে পারেন।

বঙ্গের মুসলমান সমাজ-পীড়নের দহনবৃত্তান্ত আবু সিদ্দিক

ISBN 978-81-96046-52-1

# বঙ্গের মুসলমান

## সমাজ-পীড়নের দহনবৃত্তান্ত




প্রচ্ছদের ছবি লেখক

আবু সিদ্দিক

পশ্চিমবঙ্গের গ্রামীণ প্রান্তিক বাঙালি মুসলমানদের সামাজিক-সাংস্কৃতিক-রাজনৈতিক-অর্থনৈতিক পরিচয়ের অনেক 'না বলা কথা' নিজের মতো করে বলার চেষ্টা করেছি।তাদের মানসিক জগৎ এবং তাদের দৈনন্দিন দিন-আনা, দিন-খাওয়া জীবনের সাথে ওতপ্রোতভাবে যুক্ত সামাজিক, ধর্মীয়, সাহিত্য-সাংস্কৃতিক, রাজনৈতিক, অর্থনৈতিক, মিডিয়া, ইত্যাদির বিষয় সম্পর্কে প্রায় সব 'অনালোচিত', 'অকথিত' এবং 'নিষিদ্ধ' কথার আলোচনা আমি করেছি। বাংলার 'চাষাভুষো' মুসলমানরা বছরের পর বছর সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক, অর্থনৈতিক বঞ্চনা সহ্য করেও বিশেষ একটি মননের একচ্ছত্র অধিকারী।এবং তা সম্ভব হয়েছে তাদের অন্তর্নিহিত সুকুমার গুণাবলির কারণে। এককথায়, বাংলার খেটে-খাওয়া, 'নুন আনতে পান্তা ফুরোয়' মুসলমানদের বহুমাত্রিক বঞ্চনার বাস্তব জীবনের ছবি তুলে ধরতে চেষ্টা করেছি। জাগ্রত বিবেক, আত্ম-বিশ্লেষণ ও আত্ম-দহন এই বইয়ের ভিত্তিভূমি।

Banger Musalman: Samaj Piraner Dahan Brittanto
by Abu Siddik

প্রথম প্রকাশ জানুয়ারি ২০২৩

গ্রন্থস্বত্ব লেখকের

প্রকাশক
অণিমা বিশ্বাস
গা ঙ চি ল
'মাটির বাড়ি', ওঙ্কার পার্ক, ঘোলাবাজার, কলকাতা ৭০০ ১১১
gangchiladhir@gmail.com; www.facebook.com/gangchil

বিক্রয়কেন্দ্র
কলেজ স্ট্রিট মার্কেট (বর্ণপরিচয়, দোতলা), স্টল নং সি (পি) ৬, কলকাতা ৭০০ ০০৭
ফোন ৯৪৩২৪ ০৭৬৬৫, ৯৪৩২৯ ৯১৫৩০, ০৩৩ ২২৪১ ০৪০৪ (১--৭)

মুদ্রক
এস পি কমিউনিকেশনস ৩১বি রাজা দীনেন্দ্র স্ট্রিট, কলকাতা ৭০০ ০০৯

প্রচ্ছদরূপায়ণ সন্তোষ দত্ত

ISBN 978-81-960465-2-1

দাম ৬৫০ টাকা

## সূচি

প্রাককথা... ১৫
আলোর পথ... ২৪
ভদ্রলোকের চোখে মুসলমান... ২৬
বাংলার মুসলমানের পরিচয়... ৩২
বাংলার হিন্দু ও মুসলমানদের অন্তরমুখিতা... ৪১
বাঙালি/ মুসলমান/ বাঙালি মুসলমান... ৫২
বাংলার মুসলমান পাঠক ও লেখক... ৬০
হয়ত বেঁচে গেলেন! অতঃপর?... ৭৫
নামে কী এসে যায়... ৮০
আসুন ভাতঘুম দিই... ৮৭
বাংলার মুসলমান ও বিশ্বমুসলমান... ৯০
বাংলার মুসলমান ও বাংলার রেনেসাঁস... ৯৪
বাঙালি হিন্দুর চোখে বাংলার মুসলমান... ১০৩
দেশভক্তি ও রবীন্দ্রনাথ... ১১৩
বাংলার মুসলমান ও শিক্ষা... ১২৩
'অসাম্প্রদায়িক' তাজউদ্দিন বিশ্বাস... ১৩৬
বাংলার মুসলমান ও রাজনীতি... ১৪৬
বাংলার মুসলমান ও মিডিয়া... ১৫৬
হিংসা, দ্বেষ ও দাঙ্গা... ১৬৯

সাহিত্যে মুসলমানের ছবি... ১৮৪
সমীক্ষায় বাংলার মুসলমান... ২০১
গিরিশচন্দ্র সেন... ২১৩
বাঙালি মুসলমানের উর্দু প্রীতি... ২১৮
বাংলার মুসলমান ও তিন তালাক... ২২৫
মহম্মদ মানিক প্রসঙ্গ... ২৩৩
বাংলার মুসলমান ও মহরম... ২৩৫
বাংলার মুসলমান কেমন আছে... ২৩৮
যাতে বাঙালি মুসলমানের ভূমিকা শূন্য... ২৫৪
বাংলার মুসলমানদের স্বকীয়তা... ২৬১
আত্মঘাতী বাঙালি হিন্দু ও মুসলমান... ২৬৬
দরবেশ তফিয়ত(রহঃ) ও তাঁর উরস... ২৭৪
ধর্মব্যবসা... ২৮৪
উদার আকাশের খোঁজে... ২৯৯
Betrayers of Indian Muslims... ৩০৪
Muslims of Bengal in the Wake of Mamata's Landslide Victory... ৩০৫
বইকথা: আপনি কি দেশদ্রোহী?... ৩১২
বাংলার মুসলমান ও সন্ত্রাসবাদ... ৩২০
আয় আরো বেঁধে বেঁধে থাকি... ৩৩৬
অবশেষে... ৩৪২

## প্রাককথা

বাঙালি মুসলমান সমাজ স্বাধীন চিন্তাকেই সবচেয়ে ভয় করে। তার মনের আদিম সংস্কারগুলো কাটেনি। সে কিছুই গ্রহণ করে না মনের গভীরে। ভাসা-ভাসাভাবে, অনেক কিছুই জানার ভান করে, আসলে তার জানাশোনার পরিধি খুবই সংকুচিত। বাঙালি মুসলমানের মন এখনো একেবারে অপরিণত, সবচেয়ে মজার কথা, একথাটা ভুলে থাকার জন্যই সে প্রাণান্তকর চেষ্টা করতে কসুর করে না।

—আহমদ ছফা, বাঙালি মুসলমানের মন (১৯৮১)

বাঙালি মুসলমান সম্পর্কে কিছু একটা লিখব-এই চিন্তা আমার মাথা কুরে কুরে খায় আজ প্রায় বছর তিনেক আগে থেকেই। কিন্তু কি লিখব? এই নিয়ে দিন রাত মুজতবা আলীর সেই শমীমের কথায় 'ইডা' 'সিডা' ভাবতে থাকি। একদিন আমার এক কলিগ্ এসব শুনে বললেন, 'মুসলমান মুসলমান করে কিচ্ছু হবে না। মাল নায়, কি হবে? চারিদিকে দেখছ না, সব হাহাকার, দ্যা ওয়ার্ল্ড ইজ সিঙ্কিং ...।' মনটা দমে গেল। পরে আরও চিন্তা করতে থাকি এবং শেষে আমি এই সিদ্ধান্তে আসি যে এই বইটি আমাকে লিখতেই হবে, যে কোন মূল্যে। এই বই হবে আমার পরিচয়, আমার জীবনের, সে জীবন যত ক্ষুদ্র হোক না কেন, অন্যতম প্রাপ্তি। এই সময় সমাজবিজ্ঞানী অম্লান দত্তের কথা কানে আসলো, 'বাস্তবটা জানা নিশ্চয় প্রয়োজন। কিন্তু শুধু বাস্তব যদি জানি, আদর্শ যদি না জানি, তবে শিক্ষার প্রশ্ন নেই। আদর্শ যদি না জানি তাহলে কিসের দিকে আমরা এগোবার চেষ্টা করছি?' তারপর নীরদবাবুর বঙ্কিমচন্দ্র সম্পর্কে করা একটি কথা মনে পড়লো, কোথাই পড়েছি মনে করতে পারছি না, যে তার অনেক চেনা লেখক বন্ধুদের খেদ ছিল—